দৈনিক ইনকিলাব

তারিখ 10 DEC 1998
পৃষ্ঠা ৩ কলাম ৫

# চট্টগ্রাম ভার্সিটি শিক্ষক সমিতি নির্বাচনে এবারও সাদা প্যানেলের সাথে গোলাপী প্যানেলের প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে তুমুল

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন জমজমাট হয়ে উঠেছে। আগামী ১২ ডিসেম্বর শনিবার সকাল ৯টা থেকে বিশ্ববিদ্যালয় বিজ্ঞান ভবনে এই নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনে প্রতিবারের মতো এবারও বিএনপি সমর্থিত সাদা প্যানেলের সঙ্গে আওয়ামী লীগ সমর্থিত গোলাপী প্যানেলের সরাসরি প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে। সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ১১টি পদের জন্য ২২ জন শিক্ষক প্রতিদ্বন্দ্বিতা করছেন। সাদা প্যানেলের প্রার্থীরা হলেন সভাপতি প্রফেসর ডঃ শামসুদ্দিন (রাজনীতি-বিজ্ঞান), সাধারণ সম্পাদক ডঃ আ. ন. ম. মুনির আহমদ চৌধুরী (রাজনীতি- বিজ্ঞান), সহ-সভাপতি ডঃ মোবাশ্বের আহমদ (পদার্থ), কোষাধ্যক্ষ অধ্যাপক মোজাফফর আহমদ চৌধুরী (দর্শন), যুগ্মসম্পাদক এস এম আবদুল কুদ্দুস (লোক-প্রশাসন)। সদস্য (৬ জন) অধ্যাপক আবদুন নূর (লোক প্রশাসন), অধ্যাপক এম এ সালেহ (রসায়ন), অধ্যাপক নুরুদ্দীন চৌধুরী (মার্কেটিং), ডঃ আবুল কালাম আজাদ (অর্থনীতি), ডঃ নুরুল ইসলাম (পদার্থবিদ্যা) ও অধ্যাপক মতিউর রহমান (গণিত)।

গোলাপী প্যানেলের সভাপতি পদে ডঃ মনজুর মোরশেদ মাহমুদ (হিসাব বিজ্ঞান), সাধারণ সম্পাদক ডঃ মমতাজ উদ্দিন পাটোয়ারী (ইতিহাস), সহ-সভাপতি ডঃ শামসউদ্দিন (পরিসংখ্যান), কোষাধ্যক্ষ ডঃ মনীন্দ্র কুমার রায় (পরিসংখ্যান), যুগ্ম সম্পাদক মাইনুল হাসান চৌধুরী (হিসাব বিজ্ঞান)। সদস্য ৬ জন হলেন, প্রফেসর ডঃ মুহম্মদ শামসুল আলম (বাংলা), প্রফেসর ডঃ মুহম্মদ রশিদ (আরবী ও ইসলামী শিক্ষা), প্রফেসর আসলাম ভূঁইয়া (সমাজতত্ত্ব), জনাব আবদুল্লাহ মামুন (ব্যবস্থাপনা), জনাব মাহবুবুর রহমান (উদ্ভিদবিদ্যা ও ডঃ শহীদুল ইসলাম (ভূগোল)। গত নির্বাচনে সাদা প্যানেল সাধারণ সম্পাদক ও সদস্য পদে জয়লাভ করেছিল।

জামায়াত সমর্থিত শিক্ষকগণসহ ঐক্যবদ্ধ প্যানেল হওয়ায় সাদা গ্রুপ ব্যাপকভাবে জয়লাভে আশাবাদী। তবে গোলাপী প্যানেলের একজন শিক্ষক নেতা জানান, তারা পূর্ণ প্যানেলে জয়লাভ করবেন। গত ২ বছরে বিশ্ববিদ্যালয়ে যেসব প্রভাষক নিয়োগ হয়েছে তাদের উপর নির্বাচনের ফলাফল নির্ভর করছে। সাধারণ সম্পাদক পদে তুমুল প্রতিদ্বন্দ্বিতা হবে।